দৈনিক সংবাদ 72

তারিখ 01 DEC 1995
পৃষ্ঠা ৫ কলাম 2

# জয়পুরহাট ঃ মহীপুর হাজী মোহসিন কলেজে শিক্ষকের অভাব

জয়পুরহাট, ৩০শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- মওলানা ভাসানী প্রতিষ্ঠিত মহীপুর হাজী মোহসীন সরকারি কলেজে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক, হিসাব রক্ষক, ছাত্রদের হোস্টেল, লাইব্রেরিয়ান না থাকায় ছাত্রছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে দীর্ঘদিন থেকে।

এই কলেজে মোট ৪৪ জন শিক্ষকের পদ রয়েছে। কিন্তু বর্তমানে কলেজ শিক্ষক রয়েছেন মাত্র ২৭ জন। কলেজে কৃষিবিজ্ঞান বিভাগে কোন শিক্ষক নেই। বাংলা বিভাগে ২ জন, ইংরেজি বিভাগে ২ জন, অর্থনীতি বিভাগে ৩ জন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ৩ জন, দর্শন বিভাগে ৩ জন, ইসলামের ইতিহাস বিভাগে ২ জন, হিসেব রক্ষণ বিভাগে ৩ জন, ব্যবস্থাপনায় ৩ জন, রসায়ন বিভাগে ১ জন, পদার্থ বিভাগে ১ জন, উদ্ভিদ বিদ্যা বিভাগে ১ জন, প্রাণিবিদ্যা বিভাগে ১ জন ও গণিত বিভাগে ১ জনসহ মোট ২৭ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে (কৃষি বিজ্ঞানে ২ জন শিক্ষকের ২টি পদই শূন্য সহ)। শূন্য পদগুলোর মধ্যে সহযোগী অধ্যাপকের ২টি, সহকারী অধ্যাপক ৪টি এবং প্রভাষকের ২১টি পদ রয়েছে।

এছাড়া কলেজে ডেমনস্ট্রেটর, ক্যাশিয়ার, লাইব্রেরিয়ান ও বুক সর্টার নেই। পিয়ন দিয়ে লাইব্রেরিয়ান ও বুক সর্টারের কাজ চালাতে হয়।

পাঁচবিবি থানা সদর থেকে দেড় মাইল দূরে মহীপুর কলেজের অধ্যক্ষের বাসভবন নেই। অধ্যাপক বা শিক্ষকদেরও কোন বাসভবন নেই। ছাত্রদের ছাত্রাবাস নেই। ফলে শিক্ষকগণ এখানে কেউ থাকেন না। দূর থেকে যাতায়াত করেন।